দৈনিক ইনকিলাব

ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ ...05 JUN 1989
পৃষ্ঠা ... ৫ কলাম ৩

91

05 JUN 1989

# শিক্ষাঙ্গন

## পুরিন্দা প্রাথমিক বিদ্যালয়ের সমস্যা

আড়াই হাজার উপজেলা সাতগ্রাম ইউনিয়নের পুরিন্দা সরকারী প্রাথমিক বিদ্যালয়টি দীর্ঘদিন যাবত বহুবিধ সমস্যায় জর্জরিত।

উক্ত বিদ্যালয়টি বাংলা ১৩৬৯ সালে পুরিন্দা বাজার সংলগ্ন মাত্র কয়েক শতাংশ জমির উপর প্রতিষ্ঠিত হয়। বর্তমান শিক্ষক সংখ্যা সাত ও ছাত্র সংখ্যা প্রায় পাঁচশ'। এ বিদ্যালয়ের অফিসসহ সর্বমোট ছোট ছোট পাঁচটি কামড়া রয়েছে। এতে কোন মতেই এত ছাত্রের স্থান সংকুলান হয় না। তাই প্রায়ই বাইরের আঙ্গিনায় ক্লাস চলে। তাছাড়া এ বিদ্যালয়ের দালানের প্রত্যেকটি রুমের ভীম ও ছাদে ফাটল ধরেছে; যে-কোন মুহূর্তে ধসে পড়তে পারে।

প্রয়োজনীয় আসবাবপত্র যেমন—চেয়ার, টেবিল, বেঞ্চ ইত্যাদি নেই বললেই চলে। তাই প্রায় সময়ই বাইরের আঙ্গিনায় ক্লাস হয়ে থাকে। সামনেই ঢাকা-সিলেট ও ঢাকা-নরসিংদী মহাসড়ক। এখানে কোন স্পীড ব্রেকার না থাকায় ছোট ছোট ছেলে-মেয়েকে জীবনের ঝুঁকি নিয়ে সড়ক পারাপার হতে হয়। এ যাবত বহু আবেদন-নিবেদন করেও কোন সুফল পাওয়া যায়নি। তাই উক্ত বিদ্যালয়টির সমস্যাসমূহের প্রতি সুদৃষ্টি দেয়ার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট আবেদন জানাচ্ছি।

—মাস্টার জিএম ওহাব